



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা। ফোন: ০২৩৩৪৪০৬৩২৮

Website: www.comillaboard.com.gov.bd E-mail: info@comillaboard.gov.bd

স্মারক নম্বর: বিবিধ/৩/২০০৯-২০১৭/১৫৪২

তারিখ: ২৮/১১/২০২৪

বিষয়: বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ গঠন ও সভাপতি পদে দায়িত্ব পালন প্রসঙ্গে।


সূত্র: ১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৩০৫	তারিখ: ২৪/১১/২০২৪
২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩	তারিখ: ১৮/১১/২০২৪
৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.১৮৩	তারিখ: -২০/০৮/২০২৪

উপর্যুক্ত বিষয় সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা প্রবিধানমালা, ২০২৪ এর প্রবিধি ৬৪ এর আওতায় অ্যাডহক কমিটি গঠনপূর্বক উক্ত অ্যাডহক কমিটি কর্তৃক আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য এ বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হল।

অ্যাডহক কমিটির গঠন নিম্নোক্ত ০৪ (চার) সদস্য বিশিষ্ট হবে, যথা;

- সভাপতি- মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার/তীর মনোনীত প্রতিনিধি, জেলা পর্যায়ে জেলা প্রশাসক/তীর মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা পর্যায়ে অনূন ৯ম গ্রেডে কর্মরত সরকারি কর্মকর্তাদের মধ্য থেকে তীর মনোনীত প্রতিনিধি;
- শিক্ষক প্রতিনিধি- জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্যে থেকে একজন শিক্ষক;
- অভিভাবক প্রতিনিধি- জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন অভিভাবক; এবং
- সভাপতির শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতক পাশ;
- সদস্য সচিব- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (পদাধিকারবলে)।

উল্লেখ্য বিদ্যমান কমিটির ক্ষেত্রেও এটা প্রযোজ্য হবে তবে এ বোর্ডের প্রবিধানমালা ২০২৪ এর প্রবিধি ৬৩ অনুযায়ী (সংস্থা) পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয়।


২৮/১১/২৪

রীতা চক্রবর্তী

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

কুমিল্লা